দৈনিক ইত্তেফাক

007

তারিখ 14 NOV 1987
পৃষ্ঠা 1 কলাম 6

# ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের পরামর্শ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেওয়ার জন্য সংশ্লিষ্ট সর্বোচ্চ কর্তৃপক্ষ পরামর্শ দিয়াছেন। বিষয়টি পর্যালোচনার জন্য ভার্সিটি কর্তৃপক্ষ গতকাল (সোমবার) এক

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

সভায় মিলিত হন। ভিসি প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে সভায় শিক্ষা পরিবেশ পরিষদভুক্ত বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ ও বিভিন্ন হলের প্রভোষ্টগণ উপস্থিত ছিলেন। সভায় ছাত্র নেতৃবৃন্দ বলেন, দীর্ঘদিনের প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ে বর্তমানে স্বাভাবিক পরিবেশ বিরাজ করিতেছে। কাজেই বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেওয়ার কোন নির্দেশ অথবা পরামর্শ মানিয়া নেওয়া হইবে না। ছাত্র নেতৃবৃন্দ দমন পীড়ন নীতির নিন্দা করিয়া বলেন, গণতান্ত্রিক আন্দোলনকে ব্যাহত করার জন্যই বিশ্ববিদ্যালয় বন্ধের পাঁয়তারা শুরু হইয়াছে। এব্যাপারে সকল মহলকে সচেতন হওয়ার জন্য সভায় আহ্বান জানানো হয়। সভায় বিভিন্ন হলের প্রভোস্টগণ ছাত্র নেতৃবৃন্দের বক্তব্যের সহিত ঐক্যমত পোষণ করেন। সভায় ছাত্র নেতৃবৃন্দ গণতান্ত্রিক আন্দোলনের স্বার্থে সরকারের সহিত সম্পর্কচ্ছেদ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

গতকাল দুপুরে ভিসির বাসভবনে এই সভা শেষে ভিসি প্রফেসর মান্নান সাংবাদিকদের সহিত আলাপকালে বলেন, সরকার তাঁহাকে বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেওয়ার ব্যাপারে পরামর্শ দিয়াছে। বর্তমান মুহূর্তে বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেওয়া উচিত কি না এইমর্মে এক প্রশ্নের জবাবে ভিসি বলেন, শিক্ষার স্বার্থে বিষয়টি কর্তৃপক্ষের এখতিয়ারে থাকা উচিত। প্রফেসর মান্নান বলেন, সরকারী পক্ষ হইতে 'ধ্বংসাত্মক কাজে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা জড়িত রহিয়াছে' এই অভিযোগ আনা হইলেও বিশ্ববিদ্যালয়ে বর্তমানে স্বাভাবিক অবস্থা বিরাজ করিতেছে। কাজেই বন্ধের প্রশ্ন আসে না।

সকালে প্রভোষ্টদের এক সভায় হলে শান্তি শৃংখলা রক্ষার প্রতি গুরুত্ব আরোপ করা হয়।